



দেশের উন্নয়নে তরুণদের এগিয়ে আসতে হবে: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

সবার আগে দেশের স্বার্থকে প্রাধান্য দিয়ে সবার জন্য বাংলাদেশ গড়ে তুলতে তরুণদের এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

শনিবার (১৭ অক্টোবর) সন্ধ্যায় রাজধানীর তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের শাপলা হলে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় আয়োজিত ‘ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড ২০২৬ ও অনুদান প্রদান’ অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

প্রধানমন্ত্রী বলেন, দেশের অগ্রগতিতে যুবসমাজের ভূমিকা গুরুত্বপূর্ণ। পড়াশোনা ও পেশাগত দায়িত্বের পাশাপাশি মানুষের কল্যাণে স্বেচ্ছাসেবী তরুণদের অবদান প্রশংসনীয়। তাদের মেধা, সাহস ও উদ্যোগ দেশের উন্নয়নে কাজে লাগাতে হবে।

তিনি জানান, তরুণদের সম্ভাবনা কাজে লাগাতে সরকার স্টার্টআপ ফান্ড বাস্তবায়নের পরিকল্পনা করছে। এ জন্য ৫০০ কোটি টাকার তহবিল গঠনের উদ্যোগ নেওয়া হয়েছে, প্রয়োজনে যার পরিমাণ আরও বাড়ানো হবে।

LENS ASIA